

ঢাবির বঙ্গবন্ধু হল নতুন ভবনের নাম জুলাই শহীদ স্মৃতি ভবন

ঢাবি প্রতিবেদক

০৮ জানুয়ারি ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক **আমাদেশময়**



ঢাকা বিশ্ববিদ্যালয়ে (ঢাবি) নবনির্মিত জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের নাম পরিবর্তন করে ‘জুলাই শহীদ স্মৃতি ভবন’ করার সিদ্ধান্ত নিয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। গতকাল মঙ্গলবার ডেপুটি রেজিস্ট্রার (প্রশাসন-৫) মোহাম্মদ দেলোয়ার হোসেন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

জানা যায়, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান হলের ১১তলাবিশিষ্ট ও ১০০০ ছাত্রের আবাসনের জন্য নবনির্মিত ভবনের নামকরণের জন্য জুলাই স্মৃতি ভবন, জুলাই বিপ্লব ভবন, জুলাই ২৪ ভবন ও বিজয় ২৪ ভবন। পরে শিক্ষার্থীদের মতামতের ওপর ভিত্তিতে ‘জুলাই শহীদ স্মৃতি ভবন’ নামকরণের সিদ্ধান্ত হয়।